তারিখ 13 MAR 2003
পৃষ্ঠা ৭ কলাম ৩

ভোরের কাগজ

# স্কুলের পাঠ্যসূচিতে পরিবেশ বিষয় অন্তর্ভুক্ত করা হবে

## —পরিবেশমন্ত্রী

পরিবেশ ও বনমন্ত্রী শাজাহান সিরাজ বলেছেন, পরিবেশ বিষয়ে বর্তমান প্রজন্মের শিশু-কিশোরদের সচেতন করে গড়ে তোলার লক্ষ্যে স্কুলের পাঠ্যসূচিতে পরিবেশের বিষয় অন্তর্ভুক্ত করা হবে।

তিনি মঙ্গলবার নগরীর ধানমন্ডিস্থ আলী হোসেন গার্লস হাইস্কুল প্রাঙ্গণে কানাডিয়ান সিডার সহায়তায় পরিবেশ ও সামাজিক উন্নয়ন সংস্থা (ইএসডিও) আয়োজিত পরিবেশ শিক্ষা কার্যক্রম বিষয়ক এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে এ কথা বলেন।

বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশনের চেয়ারম্যান সৈয়দ মার্গুব মোর্শেদের সভাপতিত্বে অনুষ্ঠানে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব সাবিহউদ্দিন আহমেদ এবং কানাডিয়ান হাইকমিশন প্রতিনিধি ড. তৌফিক ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অন্যান্যের মধ্যে আলী হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল আলম খান, ইউসুফ হাইস্কুলের প্রধান শিক্ষক সাহাদত শরীফ প্রমুখ বক্তব্য রাখেন। তথ্য বিবরণী।